

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Lglaw1@lqd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.১৮৮.২০১৬-১১৬৯


তারিখ : ২৭/০৪/১৬

বিষয় : রীট পিটিশন নং-৩৪০২/২০১৬, বাদী- জনাব আনিছ মুন্সী, পিতা-মৃত. জমসেদ আলী, সদস্য ৭নং ওয়ার্ড
ও জনাব শাহাজান মিয়া, পিতা-মৃত. ভোমর মোল্লা, সদস্য ৮নং ওয়ার্ড, উভয় ৭নং বাঘুটিয়া ইউনিয়ন
পরিষদ, উপজেলা- চৌহালী, জেলা- সিরাজগঞ্জ - বনাম-সরকার ও অন্যান্য।

সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলাধীন ৭নং বাঘুটিয়া ইউনিয়নের ৭,৮,৪,৫ এবং ৯ নং ওয়ার্ডের
সীমানা পূর্ণ:নির্ধারণ না হওয়া পর্যন্ত নির্বাচনী কার্যক্রম বন্ধ রাখার জন্য বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের
সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৩৪০২/২০১৬ নং রীট
মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান
করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে
দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করতঃ সময় অত্র বিভাগকে অবহিত করতে
হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায়
স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে
প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না
হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০৯৯৫।

- ১। জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।
- ২। জেলা নির্বাচন অফিসার
সিরাজগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব(ইপ-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সহকারী প্রোগ্রামার(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।